



বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd



বিজ্ঞপ্তি নং : ৫৯/২০২০

তারিখ : ২৬ কার্তিক, ১৪২৭
১১ নভেম্বর, ২০২০

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক(প্রকৌশল-যান্ত্রিক)' পদে নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠেয় লিখিত পরীক্ষার আসন বিন্যাস ও সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক(প্রকৌশল-যান্ত্রিক)' পদে নিয়োগের লক্ষ্যে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং- ৩৮/২০২০, তারিখঃ ০২/০৭/২০২০ অনুযায়ী Online-এ আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে যোগ্য বিবেচিত প্রার্থীদের ২০০(দুইশত) নম্বরের লিখিত পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ ও সময়ে ০১টি কেন্দ্রে অনুষ্ঠিত হবেঃ

পরীক্ষার তারিখ ও বার	সময়সূচি	কেন্দ্রের নাম
২৭/১১/২০২০ শুক্রবার	সকাল ১০ঃ০০টা হতে ১২ঃ০০টা পর্যন্ত (০২ ঘন্টা ব্যাপী)	লালমাটিয়া গার্লস হাই স্কুল ৯/১৫, ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭।

০২। লিখিত পরীক্ষার প্রবেশপত্র ১২/১১/২০২০ তারিখ থেকে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd) হতে সংগ্রহ করতে হবে।

০৩। পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০৪। ক্যালকুলেটর (Non-programmable) ও প্রবেশপত্র ব্যতীত কোন ধরনের কাগজ, বই, মোবাইল ফোন, স্মার্টওয়াচ ও অন্যান্য ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

০৫। লিখিত পরীক্ষার জন্য আগত প্রার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে।

স্বাক্ষরিত/-
(কাজী আকতারুল ইসলাম)
মহাব্যবস্থাপক